রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone: +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৪/৯৯ তারিখ : ০৬.০৪.২০২৪
Ref. No Date:

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে D-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত তিনটি বিভাগ যথা- (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ (২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ এবং কলা অনুষদভুক্ত একটি বিভাগ যথা- (১) আরবি ভাষা ও সাহিত্য বিভাগসমূহের সমন্বয়ে গঠিত D-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত পন্থা যথাযথভাবে অনুসরণ করে আবেদন করতে হবে।

১। **আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ** ভর্তিচ্ছু আবেদনকারীকে অবশ্যই ২০২২ অথবা ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক/সমমান এবং ২০১৯, ২০২০ অথবা ২০২১ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত শর্ত পূরণ করা সাপেক্ষে বিভিন্ন কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।

২। **আবেদন করার পদ্ধতিঃ** বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত এবং ওয়েবসাইটে প্রদর্শিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।

৩। **আবেদন করার সময়সীমাঃ** আগামী ১৩/০৪/২০২৪ তারিখ রাত ১২.০১ মিনিট থেকে ২৫/০৪/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। এই সময়ে ওয়েবসাইটে নির্দেশিত পন্থা অনুসরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ/ নগদ/ রকেট) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

৪। **ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যঃ**

(ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল D-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ভর্তি পরীক্ষা আগামী ১১/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র গ্রহণের তারিখ এবং পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/ admission এ বিজ্ঞপ্তি প্রকাশসহ এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

(খ) মোট ৮০ নম্বরের (এমসিকিউ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। **এমসিকিউ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

৫। ভর্তি পরীক্ষার ফলাফল, চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময়সীমা এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস শুরুর তারিখ পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.iu.ac.bd/admission এ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

৬। ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে উপরোক্ত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

০৬.০৪.২০২৪

০৬/০৪/২৪
(এইচ. এম. আলী হাসান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

CS Scanned with CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone: +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৪/৯৯
Ref. No.

তারিখ : ০৩.০৪.২০২৪
Date:

## ৭। ভর্তি পরীক্ষার নম্বর নির্ধারণ

ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর/স্কোর ৪০+৮০=১২০ (একশত বিশ)। যা নিম্নরূপ দুটি ভাগে বিভক্ত:

(ক) জিপিএ স্কোর ৪০: মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার জিপিএ এর ভিত্তিতে (মাধ্যমিক/সমান পরীক্ষার সর্বোচ্চ জিপিএ ৫.০০ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সর্বোচ্চ জিপিএ ৫.০০ মোট ১০ এর ৪ গুণ) সর্বোচ্চ স্কোর ৪০.০০। যেমন কোন প্রর্থীর যদি মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৪.৫ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৫.০০ হয় তাহলে তার জিপিএ স্কোর হবে (৪.৫০+৫.০০) x ৪ = ৩৮.০০। কোন পরীক্ষার্থী যদি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ করে পায় তাহলে তার জিপিএ স্কোর হবে (৫.০০+৫.০০) x ৪ = ৪০.০০।

(খ) MCQ নম্বর/স্কোর ৮০: ভর্তি পরীক্ষায় সাধারণত উচ্চ মাধ্যমিক/সমমান শ্রেণীর পাঠ্যক্রম অনুযায়ী ৮০ নম্বরের MCQ প্রশ্ন থাকবে যেগুলোর উত্তর OMR sheet এ সঠিক বৃত্ত ভরাট করে প্রদান করতে হবে। MCQ **পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

## ৮। ইউনিটভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য আরোপিত শর্ত এবং বিষয়ভিত্তিক নম্বর/স্কোর বিন্যাস

| বিভাগের নাম | বিভাগ কর্তৃক আরোপিত শর্ত | বিষয়ভিত্তিক প্রশ্ন পত্রের নম্বর বিন্যাস | |
|---|---|---|---|
| (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ<br>(২) দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ<br>(৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ<br>(৪) আরবী ভাষা ও সাহিত্য | বিশেষ কোন শর্ত নেই | ১। আল-কুরআন ১৫<br>২। আল-হাদীস ১৫<br>৩। আরবি ১০<br>৪। দা'ওয়াহ ১০<br>৫। ইসলামের ইতিহাস ০৫ | ৬। ইসলামী শিক্ষা ০৫<br>৭। আল-ফিক্হ ০৫<br>৮। বাংলা ০৫<br>৯। ইংরেজি ০৫<br>১০। সাধারণ জ্ঞান ০৫ |
| | | এর ভিত্তিতে ৮০ নম্বরের MCQ প্রশ্ন থাকবে। | |

বি.দ্রঃ (ক) প্রয়োজনে বাংলা, ইংরেজি এবং আরবী ভাষায় প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

## ৯। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য

(ক) ভর্তি পরীক্ষা আগামী ১১/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময়কাল ১ ঘন্টা।

(খ) ভর্তি পরীক্ষার সময়সূচী, ভর্তি পরীক্ষার স্থান, আসন বিন্যাস ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission থেকে অথবা সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

**১০। কোটায় ভর্তি সংক্রান্ত তথ্যসমূহ:** ভর্তি পরীক্ষা শেষে চূড়ান্ত ভর্তির সময় নির্ধারণ করা হবে।

## ১১। মেধাক্রম নির্ধারণ ও ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি

(ক) ৮০ নম্বরের (MCQ) ভর্তি পরীক্ষার পাস নম্বর ৩০%।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোরের সাথে মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ স্কোর (এই ভর্তি নির্দেশিকার ক্রমিক ৭ অনুসারে) যোগ করে মেধা ও অপেক্ষমান মেধা তালিকা প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার রোল নম্বর ও প্রাপ্ত মোট স্কোর উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রচার করা হবে। একাধিক প্রার্থী একই স্কোর প্রাপ্ত হলে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বেশি জিপিএ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। এ ক্ষেত্রেও সমান স্কোর হলে অগ্রাধিকার প্রদানের সিদ্ধান্ত সংশ্লিষ্ট ইউনিট কমিটি গ্রহণ করবেন।

Scanned with CamScanner